



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
আইইবি ভবন (৬ষ্ঠ ও ৭ম তলা), রমনা, ঢাকা-১০০০
ওয়েবসাইট: www.berc.org.bd

নং-২৮.০১.০০০০.০১২.১৭.০০২.২৬.৮৮৯

তারিখ: ১০ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
২৩ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) কর্তৃক এলপিগিজ'র উৎপাদন পর্যায়ে মূল্য সংযোজন কর (মুসক) প্রত্যাহারপূর্বক আমদানিপর্যায়ে মুসক আরোপের ফলে ভোক্তাপর্যায়ে সরকারি-বেসরকারি এলপিগিজ ও অটোগ্যাসের মূল্য সমন্বয় বিজ্ঞপ্তি।

অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগ কর্তৃক ১৬ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে জারীকৃত এস.আর.ও. নং ৫১-আইন/২০২৬/মুসক এবং একই তারিখে জারীকৃত এস.আর.ও. নং ৫২-আইন/২০২৬/মুসক অনুযায়ী এলপিগিজ'র আমদানি পর্যায়ে ৭.৫% হারে মুসক বিবেচনায় ফেব্রুয়ারি ২০২৬ মাসের জন্য বেসরকারি এলপিগিজ ও অটোগ্যাসের ভোক্তাপর্যায়ে মূল্য নিম্নবর্ণিতভাবে সমন্বয় করা হলো:

(ক) বেসরকারি এলপিগিজ'র রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে মুসকসহ মূল্য প্রতি কেজি ১১১.৭৯ টাকায় এবং বিভিন্ন পরিমাণের বোতলজাতকৃত বেসরকারি এলপিগিজ'র ভোক্তাপর্যায়ে মুসকসহ মূল্য নিম্নরূপভাবে সমন্বয় করা হলো:

বিভিন্ন পরিমাণের বোতলজাতকৃত বেসরকারি এলপিগিজ'র ভোক্তাপর্যায়ে সমন্বয়কৃত মূল্য, ফেব্রুয়ারি-২০২৬


বিবরণ	বোতলজাতকৃত এলপিগিজ'র পরিমাণ ও মূল্য												
বোতলজাতকৃত এলপিগিজ'র পরিমাণ	৫.৫ কেজি	১২ কেজি	১২.৫ কেজি	১৫ কেজি	১৬ কেজি	১৮ কেজি	২০ কেজি	২২ কেজি	২৫ কেজি	৩০ কেজি	৩৩ কেজি	৩৫ কেজি	৪৫ কেজি
রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে বিক্রয়মূল্য (মুসকসহ)	৬১৫ টাকা	১,৩৪১ টাকা	১,৩৯৭ টাকা	১,৬৭৭ টাকা	১,৭৮৯ টাকা	২,০১২ টাকা	২,২৩৬ টাকা	২,৪৫৯ টাকা	২,৭৯৫ টাকা	৩,৩৫৪ টাকা	৩,৬৮৯ টাকা	৩,৯১৩ টাকা	৫,০৩১ টাকা

(খ) রেটিকুলেটেড পদ্ধতিতে (i) তরল অবস্থায় সরবরাহকৃত বেসরকারি এলপিগিজ'র ভোক্তাপর্যায়ে মুসকসহ মূল্য প্রতি কেজি ১০৮.০৪ টাকায় এবং (ii) গ্যাসীয় অবস্থায় সরবরাহকৃত বেসরকারি এলপিগিজ'র ভোক্তাপর্যায়ে মুসকসহ মূল্য প্রতি লিটার ০.২৪০০ টাকায় বা প্রতি ঘনমিটার ২৪০.০০ টাকায় সমন্বয় করা হলো।

(গ) ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের মুসকসহ মূল্য প্রতি লিটার ৬১.৮৬ টাকায় সমন্বয় করা হলো।

- সমন্বয়কৃত উক্ত মূল্য ১০ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ/ ২৩ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ তারিখ সন্ধ্যা ০৬:০০ ঘটিকা হতে প্রযোজ্য ও কার্যকর হবে এবং পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত তা বলবৎ থাকবে।
- এলপি গ্যাস লিমিটেড কর্তৃক সরবরাহকৃত সরকারি এলপিগিজ'র ডিলার/রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে মূল্য প্রতি ১২.৫০ কেজি ৭৭৬.৯৩ টাকায় সমন্বয় করা হলো।
- প্রত্যেক এলপিগিজ মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সী এলপিগিজ মজুতকরণ ও বোতলজাতকরণ পরবর্তী মূল্যে (মুসক-উত্তর/মুসকসহ) ডিস্ট্রিবিউটরের নিকট এলপিগিজ বিক্রয় করবে এবং সে অনুযায়ী মুসক চালান/ডেলিভারি অর্ডার (ডিও) প্রদান করবে।
- কোনো পর্যায়ে (এলপিগিজ মজুতকরণ ও বোতলজাতকরণ, ডিস্ট্রিবিউটর এবং ভোক্তাপর্যায়ে রিটেইলার পয়েন্টে) কমিশন কর্তৃক নির্ধারিত মূল্যের চেয়ে অধিক মূল্যে এলপিগিজ (বোতলজাতকৃত এবং রেটিকুলেটেড সিস্টেমের মাধ্যমে সরবরাহকৃত)/অটোগ্যাস বিক্রয় করা যাবে না।
- ২৫ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ/ ১০ অক্টোবর ২০২১ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত বিইআরসি আদেশ নম্বর: ২০২১/০৭ এর অন্যান্য আদেশ ও নির্দেশনা অপরিবর্তিত থাকবে।
- বিস্তারিত মূল্য সমন্বয় আদেশ (বিইআরসি আদেশ নম্বর: ২০২৬/০৬) কমিশনের ওয়েবসাইট www.berc.org.bd এ পাওয়া যাবে।

কমিশনের আদেশক্রমে,


মোঃ নজরুল ইসলাম সরকার
সচিব, বিইআরসি।
ফোন: ০২-২২৬৬৪০৯০৫